বার্ষিক ক্রীড়ায় আবারও উজ্জ্বল দুই বোন তাসনিয়া তুবা ও নিশাত জারা

শৈশবের উচ্ছ্বাস, পরিশ্রম আর সাফল্যের হাসি- সব মিলিয়ে আবারও ক্রীড়াক্ষেত্রে নিজেদের প্রতিভার স্বাক্ষর রাখল দুই বোন তাসনিয়া তুবা ও নিশাত জারা। ঢাকার গাইডেন্স ইন্টারন্যাশনাল ইংলিশ মিডিয়াম স্কুলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় এবছরও পুরস্কার অর্জন করে তারা স্কুল অঙ্গনে প্রশংসা কুড়িয়েছে।

গ্রেড-৩ শ্রেণির শিক্ষার্থী তাসনিয়া তুবা একটি ইভেন্টে চ্যাম্পিয়ন হয়ে নিজের দৃঢ়তা ও আত্মবিশ্বাসের প্রমাণ দেয়। অপরদিকে নার্সারি শ্রেণির শিক্ষার্থী ছোট বোন নিশাত জারা দুটি ইভেন্টে রানার্সআপ হয়ে সবাইকে মুগ্ধ করে। বয়সে ছোট হলেও মাঠে তার দৌড়, মনোযোগ আর লড়াইয়ের মানসিকতা ছিল চোখে পড়ার মতো।

উল্লেখযোগ্য বিষয় হলো— এ সাফল্য তাদের জন্য নতুন নয়। গত বছরও স্কুলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় অংশ নিয়ে দুই বোন দুটি ইভেন্টে চ্যাম্পিয়ন হয়ে তাক লাগিয়েছিল। ধারাবাহিক এই অর্জন প্রমাণ করে, খেলাধুলায় তারা শুধু অংশগ্রহণকারী নয়— বরং প্রতিযোগিতামুখর ও প্রতিশ্রুতিশীল খেলোয়াড় হিসেবেই নিজেদের গড়ে তুলছে।

তাসনিয়া তুবা ও নিশাত জারা মেহেরপুরের জ্যেষ্ঠ সাংবাদিক তোজাম্মেল আযমের নাতনি। নাতনিদের এই সাফল্যে পরিবারে যেমন আনন্দের জোয়ার, তেমনি শিক্ষাপ্রতিষ্ঠান ও শুভানুধ্যায়ীদের মাঝেও তৈরি হয়েছে গর্বের অনুভূতি। শিক্ষকরা জানান, পড়াশোনার পাশাপাশি খেলাধুলায় নিয়মিত চর্চাই তাদের সাফল্যের মূল চাবিকাঠি।

মেহেরপুরে উজ্জ্বল সিঙ্গাপুর ট্রাভেলস অ্যান্ড ট্যুরসের উদ্বোধন

বিভিন্ন দেশের এয়ার টিকিট ম্যান পাওয়ার ও টুরিস্ট ভিসা করার জন্য মেহেরপুরে উজ্জ্বল সিঙ্গাপুর ট্রাভেলস অ্যান্ড ট্যুরস এর শুভ উদ্বোধন করা হয়েছে।

আজ রবিবার বিকেলে মেহেরপুর শহরের কোট মোড়ে ফিতা কেটে সিঙ্গাপুর ট্রাভেলস অ্যান্ড ট্যুরস এর শুভ উদ্বোধন করা হয়। উজ্জ্বল সিঙ্গাপুর ট্রাভেলস অ্যান্ড ট্যুরস এর স্বত্বাধিকারী মোঃ উজ্জ্বল হুসাইন বিশ্বাসের সভাপতিত্বে প্রতিষ্ঠানের উদ্বোধন করেন হোটেল বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি আব্দুল হান্নান।

এছাড়াও উদ্বোধনী অনুষ্ঠানে মোঃ রানা, আরিফুল ইসলাম, হাফিজুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন। পরে সেখানে দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়।